



মোংলা বন্দর কর্তৃপক্ষ  
মোংলা, বাগেরহাট

উপসচিব

বোর্ড ও জনসংযোগ বিভাগ

মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোবা: ০১৭৪০-৬২৫৭৪০

ইমেইল: prompa6@gmail.com

ওয়েব সাইটঃ www.mpa.gov.bd

## “সংবাদ বিজ্ঞপ্তি”

### “মোংলা বন্দরের ৩৮০০ জন শ্রমিক-কর্মচারীদের মাঝে ঈদ উপহার প্রদান”

পবিত্র ঈদ-উল ফিতর উপলক্ষ্যে মোংলা বন্দরে জাহাজে কর্মরত অস্থায়ী শ্রমিক-কর্মচারীদের খাদ্য সহায়তা দেয়া হয়েছে। মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা কাষ্টমস এজেন্টস এ্যাসোসিয়েশন ও মোংলা বন্দর বার্থ ও শিপ অপারেটর এ্যাসোসিয়েশনের আয়োজনে বুধবার দুপুরে বন্দরের শ্রমিক কর্মচারী সংঘের ৩ হাজার ৮০০ জনের মাঝে এ খাদ্য সহায়তা দেয়া হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মীর এরশাদ আলী উপস্থিত থেকে শ্রমিকদের মাঝে এই খাদ্য সামগ্রী বিতরণ করেন। খাদ্য সামগ্রী বিতরণকালে আরও উপস্থিত ছিলেন, মোংলা বন্দর বার্থ ও শিপ অপারেটর এ্যাসোসিয়েশনের সভাপতি সৈয়দ জাহিদ হোসেন ও মোংলা কাষ্টমস এজেন্টস এ্যাসোসিয়েশনের সভাপতি মো: সুলতান হোসাইন খান। এছাড়াও উপস্থিত ছিলেন মোংলা বন্দর কর্তৃপক্ষের উর্ধ্বতন কর্মকর্তাগণ এবং বার্থ ও শিপ অপারেটর এ্যাসোসিয়েশন ও মোংলা কাষ্টমস এজেন্টস এ্যাসোসিয়েশনের অন্যান্য নেতৃবৃন্দ।

উপহার সামগ্রীর মধ্যে ছিল ১০ কেজি চাল, ১ কেজি পোলাও চাল, ২ কেজি ডাল, ২ কেজি চিনি, তেল ১ লিটার, সেমাই ২ প্যাকেট, সাবান ১ পিস, গুড়ো দুধ ৫০০ গ্রাম, লবন ১ কেজি করে মোট ১৮ কেজি।

বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মীর এরশাদ আলী বলেন, “মাননীয় প্রধানমন্ত্রীর ঐকান্তিক প্রচেষ্টা ও নৌপরিবহন মন্ত্রণালয়ের দিক নির্দেশনার ফলে মোংলা বন্দরে এখন স্বর্ণ যুগ চলছে। পদ্মা সেতু চালু হওয়াতে চট্টগ্রামের তুলনায় মোংলা বন্দরে থেকে ঢাকার দূরত্ব ১০০ কিলোমিটার কমে গেছে। এখন মাত্র তিন থেকে সাড়ে তিন ঘন্টায় মোংলা বন্দর থেকে পণ্য ঢাকায় পৌঁছে যাচ্ছে। রেল চালু হলে বন্দরের কর্মযজ্ঞ আরও বাড়বে। সরকারের সদৃষ্টিয় বন্দরকে ঘিরে নানা প্রকল্পের কাজ চলমান রয়েছে। শ্রমিক কর্মচারীই এই বন্দরের বড় শক্তি। তাই সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে মোংলা বন্দরকে আরও এগিয়ে নিতে হবে।”

স্বাক্ষরিত/-

মো: মাকরুজ্জামান

উপসচিব